

## বেনকো বাংলাদেশ লঞ্চ করলো ২টি স্মার্টফোন

- A Monitor Desk Report

Date: 02 September, 2023



ঢাকা: সাম্প্রতিক বছরগুলো স্মার্টফোন উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে এবং ফাস্ট মুভিং স্মার্টফোন ব্র্যান্ড বেনকো সম্প্রতি তার নতুন ফ্ল্যাগশিপ প্রোডাক্ট, বেনকো S1pro এবং এন্ড্রি লেভেলের স্মার্টফোন বেনকো V91 লঞ্চ করেছে। বেনকো S1pro পূর্বে প্রকাশিত বেনকো S1 এর একটি আপডেট মডেল। বেনকো S1 এর তুলনায়, এটি মেমরি, ক্যামেরা এবং দ্রুত ব্যাটারি চার্জিং সহ আরও উন্নত ফিচার নিয়ে এসেছে।

অন্যদিকে বেনকো V90 এর আপডেট মডেল বেনকো V91 আরও উন্নত ফিচার নিয়ে এসেছে। বেনকো S1pro এবং V91 সাশ্রয়ী মূল্যের সাথে ব্যবহারকারীদের আরও অবিশ্বাস্য অভিজ্ঞতা নিয়ে আসতে সক্ষম হয়েছে।

বেনকো S1pro তে রয়েছে ৬.৮ ইঞ্চি এফএইচডি + পাঞ্চ-হোল ডিসপ্লে। 91.4 শতাংশ এর স্ক্রিন-টু-বডি এবং 20.5:9 এর অ্যাসপেক্ট রেশিওসহ মুভি দেখা, গেম খেলা বা ওয়েব ব্রাউজ করার জন্য একটি দুর্দান্ত হ্যান্ডসেট। আকর্ষণীয় কালার কম্বিনেশন অন্যরকম একটা প্রিমিয়াম ফিল নিয়ে আসে। এর অন্যতম স্ট্যান্ডআউট বৈশিষ্ট্য হল এর অসাধারণ ক্যামেরা সিস্টেম। ৬৪ মেগাপিক্সেল এআই ট্রিপল রিয়ার ক্যামেরায় সজ্জিত, বেনকো S1pro ব্যবহারকারীদের ক্ষুদ্রতম পাতা থেকে শুরু করে সবচেয়ে দূরবর্তী দৃশ্য পর্যন্ত ডিটেইলস ক্যাপচার করতে সক্ষম হয়।

বেনকো S1pro -তে ৬ জিবি + ৬ জিবি র‍্যাম এবং ১২৮ জিবি রম, ৮ জিবি + ৮ জিবি র‍্যাম এবং ২৫৬ জিবি রমের ভারিয়ারেন্ট বাংলাদেশ মার্কেটে রয়েছে।

আরও পড়ুন: [দুই বছরের মধ্যে রোলেল স্মার্টফোন আনবে স্যামসাং](#)

বেনকো S1pro তে রয়েছে ৫০০০ এম এ এইচ লিথিয়াম-পলিমার ব্যাটারি এবং টাইপ-সি চার্জিং পোর্ট, তার সঙ্গে রয়েছে ৩৩ ওয়াট ফাস্ট

চার্জিং প্রযুক্তি যেটা ৩০ মিনিটের মধ্যে ফোনটি ৬০% চার্জ করতে পারে এবং মাত্র ৫৭ মিনিটে মোবাইল ফোনটি পুরোপুরি চার্জ করতে পারে।

নতুন বেনকো S1pro Iceberg Blue এবং Gemstone Black সহ দুইটি রঙের বিকল্পে আসে, যা ভোক্তাদের জন্য পছন্দ করার অপশন তৈরি করবে। ফোনটি ধরে রাখার সময় ব্যবহারকারীদের জন্য প্রিমিয়াম ফিল নিশ্চিত করে।

বেনকো S1pro দামের দিক থেকে কাস্টমারের হাতের নাগালেই রয়েছে। ৮জিবি+২৫৬জিবির দাম ১৫৯৯৯ টাকা এবং ৬জিবি+১২৮জিবির দাম ১৪৯৯০ টাকা।

অন্যদিকে বেনকো V91— রয়েছে ৬.৫৬ ইঞ্চি এইচডি + ওয়াটার ড্রপ ডিসপ্লে 9০.14শতাংশ এর স্ক্রিন-টু-বডি এবং 20:9 এর অ্যাসপেক্ট রেশিওসহ মুভি দেখা, গেম খেলা বা ওয়েব ব্রাউজ করার জন্য একটি দুর্দান্ত হ্যান্ডসেট। এর অন্যতম বৈশিষ্ট্য হল এর অসাধারণ ১৮ ওয়াটের ফাস্ট চার্জিং সিস্টেম। ১৩ মেগাপিক্সেল এআই ট্রিপল রিয়ার ক্যামেরায় সজ্জিত, বেনকো V91 ব্যবহারকারীদের অসাধারণ অভিজ্ঞতা তৈরি করবে।

আরও পড়ুন: [ওয়ালটনের 'য্যানন এক্স২০' নতুন স্মার্টফোন এখন বাজারে](#)

বেনকো V91 - ৪ জিবি + ৪ জিবি র‍্যাম এবং ১২৮ জিবি রম, ৮ জিবি + ৮ জিবি র‍্যা ম এবং ১২৮ জিবি রমের ভ্যারিয়েন্ট বাংলাদেশ মার্কেটে রয়েছে। বেনকো V91 এ রয়েছে ৫০০০ এম এ এইচ লিথিয়াম-পলিমার ব্যাটারি এবং টাইপ-সি চার্জিং পোর্ট, তার সঙ্গে রয়েছে ১৮ ওয়াট ফাস্ট চার্জিং প্রযুক্তি।

নতুন বেনকো V91 পেল গ্রীন এবং মিডনাইট ব্ল্যাকসহ দুইটি রঙের বিকল্পে আসে, যেটা কাস্টমারদের নজর কারবে। ফোনটি ধরে রাখার সময় ব্যবহারকারীদের জন্য প্রিমিয়াম ফিল নিশ্চিত করবে, কারণ এটাতে ব্যবহার করা হয়েছে মুনলাইট ডিজাইন।

কাস্টমারের ক্রয় ক্ষমতা চিন্তা করে বেনকো V91 দামের দিক থেকে কাস্টমারের হাতের নাগালেই রেখেছে। ৪ জিবি+১২৮ জিবির দাম ৯৯৯৯ টাকা এবং ৮জিবি+১২৮জিবির দাম ১১৯৯৯ টাকা।

-B